মন্ত্রিপরিষদ বিভাগের জুলাই ২০২১ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাস: **জুলাই ২০২১** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: আগস্ট ২০২১

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৪১৭	২৭১	১৪৬
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,০৯৮	৯৮৭	১,১১১
মোট	২,৫১৫	১,২৫৮	১,২৫৭

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	৩২	৩১	৪৪	৩৯	১৪৬
দুর্নীতি দমন কমিশন	-	-	৩৬৭	৩৩৬	২৫২	১৫৬	১,১১১*
মোট	-	-	৩৯৯	৩৬৭	২৯৬	১৯৫	১,২৫৭

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নেই।

(২) আইনশৃঙ্খলা বিষয়ক: প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ(কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
–	-	-	-	-	-

খ.প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক.অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/ সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিট জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	৯টি	০.২৩	-	-	৯টি	৯টি অডিট আপত্তির মধ্যে ৭টি অডিট আপত্তি সংক্রান্ত ১টি মামলা রয়েছে (মামলা নং-৭/২০০০) যা ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতে বিচারাধীন রয়েছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	৪টি	১৫.৮৩	-	-	৪টি	অডিট অধিদপ্তর কর্তৃক জারিকৃত চূড়ান্ত নিষ্পত্তি পত্রের আলোকে বিলুপ্ত সকল বিভাগীয় (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ডের) উন্নয়ন বোর্ডের আদালতে চলমান মামলা/সার্টিফিকেট মামলা ব্যতীত সকল অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে।
দুর্নীতি দমন কমিশন	৪টি	৬৮৬.৭৭	৪	-	৪টি	-
মোট	১৭টি	৭০২.৮৩	৪	-	১৭টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ	পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
			চাকরিচ্যুত/ বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	১০	-	-	-	-	১০	-
মোট	১০	-	-	-	-	১০	-

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সি	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: নেই।

গ.প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ.মন্ত্রণালয়ে অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন-দ্যা-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: প্রযোজ্য নয়।

ঙ.প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: কোন কর্মকর্তা বিদেশ ভ্রমণ করেননি।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট: নেই।

ক.প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ.প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভা-বৈঠক একটি; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুইটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি; মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠেয় জাতীয় পরিবীক্ষণ কমিটি'র ৪৫তম সভা অনুষ্ঠিত হয়েছে। মন্ত্রিসভা-বৈঠকে ৮টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর মধ্যে ৪টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। প্রতিবেদনাধীন মাসে ৪টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) মাননীয় প্রধানমন্ত্রীর সভাপত্বিতে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি নিকার-এর ১১৭তম সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ত্রৈমাসিক প্রতিবেদন (এপ্রিল-জুন ২০২১) মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন করা হয়েছে।

(৪) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ৫টি অভিযোগে ৮ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়কে

অনুরোধ করা হয়েছে। দুটি অভিযোগ প্রমাণিত না হওয়ায় নথিজাত করা হয়েছে এবং ১২টি অভিযোগ প্রমাণিত না হওয়ায় নিষ্পত্তি করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(৫) বিভাগীয় কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত জুন দ্বিতীয় ও জুলাই প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়েছে।

(৬) পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৭) পবিত্র ঈদুল আযহা ২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৮) পদায়নকৃত/নবনিয়োগপ্রাপ্ত জেলা প্রশাসকদের অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনা প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৯) জেলা হাসপাতালে হাই ফ্লো নাজাল ক্যানুলা বা অক্সিজেন সম্পর্কিত তথ্য প্রেরণের বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর তাগিদ পত্র প্রেরণ করা হয়েছে।

(১০) ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাতবার্ষিকী উপলক্ষ্যে ১ আগস্ট থেকে সকল সরকারি আধাসরকারি, স্বায়ত্তশাসিত, স্থানীয় সরকার, শিক্ষা ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ভবনে ড্রপডাউন ব্যানার ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১১) কোভিড-১৯-এর বিস্তার নিয়ন্ত্রণ ও সংক্রমণ রোধকল্পে ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে কমিটি গঠন এবং কার্যপরিধি অনুযায়ী কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) করোনার বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধের আরোপ ও এর সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত সরকারি আদেশ জারি করা হয়েছে।

(১৩) করোনার বিস্তার রোধকল্পে মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাপতিত্বে ২৭ জুলাই তারিখে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে সভা আয়োজন করা হয়েছে।

(১৪) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী জুলাই ২০২১ মাসে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের মামলায় ১৯ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করা হয়েছে। এছাড়া, ৪০ জনের বিষয়ে অনুসন্ধানপূর্বক নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে। উক্ত বিষয়ে অবহিত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

(১৫) বিভিন্ন আইনে ৭৭ জন কর্মকর্তাকে নির্বাহী ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়েছে।

(১৬) শিক্ষানবিস সহকারী কমিশনারগণের কর্মকালীন প্রশিক্ষণের মূল্যায়ন/সমাপ্তিতে মন্ত্রিপরিষদ বিভাগ ও বিভাগীয় কমিশনারের কার্যালয়ের প্রতিনিধির অংশগ্রহণ নিশ্চিতকরণে সকল জেলাপ্রশাসককে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৭) মাঠ পর্যায়ে কর্মরত বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা-কর্মচারীদের 'অগ্রাধিকার ভিত্তিতে' ভ্যাকসিন প্রদানের জন্য সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৮) আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ষষ্ঠ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৯) পিতা-মাতার ভরণ-পোষণ আইন, ২০১৩; মোবাইল কোর্ট আইন, ২০০৯-এর তফসিলভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ এবং সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(২০) ১ জুলাই ২০২১ ন্যাশনাল কমিটি ফর মনিটরিং ইম্প্লিমেন্টেশন অফ ডুয়িং বিজনেস রিফর্মস (NCMID)-এর ৮ম সভা আয়োজন করা হয়েছে।

(২১) ১৩ জুলাই ২০২১ তারিখে ওপেক্স এ্যান্ড সিনহা টেক্সটাইল গ্রুপ এর নিকট তিতাস গ্যাস এর বকেয়া গ্যাস বিল পরিশোধ সম্পর্কিত পত্র চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর প্রেরণ করা হয়েছে।

(২২) ১৫ জুলাই ২০২১ তারিখে Request for change in pre-qualification requirement ITT 14.1(b) on page 34 to enhance participation in number of bidders and get best competitive prices for the above mentioned tender সংক্রান্ত পত্র চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর প্রেরণ করা হয়েছে।

গ.আগামী (আগস্ট-সেপ্টেম্বর) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; সচিব-সভা এবং জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৯৭তম সভা অনুষ্ঠান।

(২) মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি নিকার-এর ১১৮তম সভা অনুষ্ঠান।

(৩) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠেয় নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটি'র সভা অনুষ্ঠান।

স্বাক্ষরিত/-
(চৌধুরী মোয়াজ্জম আহমদ)
উপসচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd